গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৭ মে, ২০২৫ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৭-০৫-২০২৫ তারিখ জনাব অতনু বড়ুয়া, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'জিফাহ রেস্টুরেন্ট', বনানী-১২, বনানী, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে প্রতিষ্ঠানটির রান্নাঘরের রেফ্রিজারেটরে বেশকিছু মেয়াদোত্তীর্ণ চিংড়ি, প্রসেসড ক্র্যাব (কাকড়া), সি-ফুড এবং চিলি সস মজুদ করতে দেখা যায়; কোন প্রকার লেবেল সংযোজন ব্যতিরেকে অনথন, মেরিনেডেট চিকেন, ব্রেড এবং চিস মজুদ করতে দেখা যায়; আমদানিকারকের তথ্যবিহীন বিদেশী খাদ্যোপকরণ যেমনঃ- সুইট চিলি সস, হট চিলি সস এবং টমেটো পেস্ট মজুদ ও ব্যবহার করতে দেখা যায়; এছাড়াও রেস্তোরাঁ নিবন্ধন সনদ, ফায়ার লাইসেন্স এবং পেস্ট কন্ট্রোল এর প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ১,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষনিকভাবে আদায় করা হয়।

অভিযানকাল জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

১৭.০৫.২০২৫

বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। অফিস কপি।